# বাংলা

## (বাংলা সাহিত্যের ইতিহাস ঃ প্রাচীন ও মধ্যযুগ)

## পর্ব - ১.১

পূর্ণমান ঃ ৮০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। বাঙালি রচিত ও আস্বাদিত সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ-অবহট্‌ঠ সাহিত্যের রূপরেখাটি আলোচনা করো। ১৫

**অথবা**

বাংলা সাহিত্যের প্রাচীন যুগের নিদর্শন হল চর্যাপদ। সেই চর্যাপদে যুগ লক্ষণ কী কী ভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। ১৫

২। চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? কাব্য রচনার কাল উল্লেখ করে কবির কৃতিত্ব ও স্বাতন্ত্রের পরিচয় দাও। ১+২+১২=১৫

**অথবা**

বড়ুচণ্ডীদাস একজন দক্ষ ও সচেতন শিল্পী। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো। ১৫

[Turn over]

Scanned by CamScanner

৩। শাহ মুহম্মদ সগিরের 'ইউসুফ-জুলেখা' কাব্যটি পঞ্চদশ শতাব্দীর সাহিত্য অঙ্গনে নতুন মাত্রা দান করেছে— মন্তব্যটি কাব্য অবলম্বনে আলোচনা করো। ১৫

**অথবা**

চৈতন্য জীবনীকাব্যগুলিতে জীবনী ও কাব্যের সমাবেশ ঘটেছে— দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। ১৫

৪। গোবিন্দদাসকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলার যৌক্তিকতা বিচার করো। ১৫

**অথবা**

কাশীরাম দাস রচিত 'ভারত পাঁচালী' যাবতীয় মহাভারতের মধ্যে সর্বশ্রেষ্ঠ। এই অনুবাদটির শ্রেষ্ঠত্ব নিরূপণ করো। ১৫

৫। টীকা লেখো (যে-কোনো **চারটি**) ঃ ৫×৪=২০

ক) সান্ধ্যভাষা **অথবা** গীতগোবিন্দম

খ) কৃত্তিবাসী রামায়ণ ও বাঙালিয়ানা **অথবা** শ্রীকর নন্দী

গ) বারোমাস্যা **অথবা** চৌতিশা

ঘ) জয়ানন্দের চৈতন্যমঙ্গল **অথবা** জ্ঞানদাস

———————



Scanned by CamScanner

# বাংলা

(বাংলা সাহিত্যের ইতিহাস ঃ আধুনিক যুগ (১৭৬১-১৯৭০))

পর্ব - ১.২

পূর্ণমান ঃ ৮০

সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

শঙ্খ ঘোষের কবিতায় বহুমাত্রিক প্রতিবাদ সময়কে তুলে ধরেছে— এই মন্তব্যের প্রেক্ষিতে তোমার মতামত পর্যালোচনা করো। ১৫

২। বাংলা রঙ্গালয়ের ইতিহাসে যে কোনো দুটি সখের নাট্যশালার গুরুত্ব আলোচনা করো। ১৫

অথবা

বাংলা গদ্য সাহিত্যের বিকাশে 'সবুজপত্র' ও 'শনিবারের চিঠি' সাহিত্য পত্রিকার ভূমিকা আলোচনা করো। ১৫

[Turn over]

Scanned by CamScanner

৩। গণনাট্য আন্দোলনের প্রেক্ষাপট এবং গণনাট্যের নাট্যকারদের দায়বদ্ধতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১৫

**অথবা**

বাংলা ছোটগল্পের জগতে মানিক বন্দ্যোপাধ্যায়ের নিজস্বতা নির্দেশ করো। ১৫

৪। প্রবন্ধ সাহিত্য বিকাশে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর ভূমিকা আলোচনা করো। ১৫

**অথবা**

বঙ্কিম সমসাময়িক যে-কোনো দু'জন ঔপন্যাসিকের গুরুত্ব আলোচনা করো। ১৫

৫। টীকা লেখো (যে-কোনো **চারটি**) ঃ ৫×৪=২০

ক) অক্ষয়কুমার দত্ত **অথবা** অবনীন্দ্রনাথ ঠাকুর

খ) হুতোম প্যাঁচার নক্‌সা **অথবা** দুর্গেশনন্দিনী

গ) বিনয় মজুমদার **অথবা** কবিতা সিংহ

ঘ) পথনাটক **অথবা** শিশিরকুমার ভাদুড়ী

---



Scanned by CamScanner

# বাংলা

## (বাংলা ভাষাতত্ত্ব)

## পর্ব - ১.৩

পূর্ণমান ঃ ৮০ — সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

### বিভাগ-ক

১। বাংলা ভাষার জন্ম ও উদ্ভবের ইতিহাস রেখচিত্রসহ বর্ণনা দাও। ১৫

**অথবা**

বাংলা ভাষার উপর বিদেশি ভাষার প্রভাব উদাহরণসহ লেখো। ১৫

২। অন্ত্যমধ্য বাংলা ভাষার কালসীমা ও নিদর্শন সমূহের পরিচয় দিয়ে তার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৫

**অথবা**

ভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? এর শ্রেণীবিভাগ করে ধ্বনিতত্ত্ব ও শব্দার্থতত্ত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫

[Turn over]

Scanned by CamScanner

৩। সংক্ষিপ্ত টীকা লেখো ঃ ৫×২=১০

ক) সংস্কৃত বাংলা ভাষার জননী নয়— যুক্তি দেখাও।

**অথবা**

চর্যাপদের ভাষার বৈশিষ্ট্য।

খ) বাংলা ভাষায় অস্ট্রিক প্রভাব।

**অথবা**

ভাষার প্রচলিত সংজ্ঞাসহ বৈশিষ্ট্য।

## বিভাগ-খ

৪। চিত্রসহ বাগযন্ত্রের উচ্চারণ স্থান ও উচ্চারিত ধ্বনিগুলির অবস্থান বুঝিয়ে দাও। কথা বলায় জিহ্বার ভূমিকা লিপিবদ্ধ করো। ১৫

**অথবা**

অনুসর্গ বলতে কী বোঝ? অনুসর্গের শ্রেণীবিভাগ করে বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

৫। বাংলা ভাষাবিজ্ঞান চর্চায় সুকুমার সেনের অবদান বর্ণনা করো। ১৫

**অথবা**

বেতার, টিভি ও সংবাদপত্রের ভাষাকে একত্রে কোন্ গোত্রভুক্ত করা যায়? প্রতিটি পর্বের ভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৫



Scanned by CamScanner

৬। সংক্ষিপ্ত টীকা লেখো ঃ

৫×২=১০

ক) ভাষাবিজ্ঞান চর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

অথবা

চমস্কির ভাষাবিজ্ঞানের বৈশিষ্ট্য।

খ) নামশব্দের শ্রেণীবিভাগ করে বুঝিয়ে দাও।

অথবা

বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের ধারাটি আলোচনা করো।

---

Scanned by CamScanner

# বাংলা

## (প্রাচীন ও মধ্যযুগের বাংলা কাব্য-কবিতা)

### পর্ব - ১.৪

পূর্ণমান ঃ ৮০

সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। চর্যাপদে বৌদ্ধধর্মাবলম্বীদের কোন্ শাখার আচরণীয় বিষয় বর্ণিত হয়েছে? তোমার পাঠ্য পদ অবলম্বনে উক্ত ধর্মমতের দর্শন এবং সাধনার পর্বগুলি চিহ্নিত করো। ১৫

অথবা

'ভবণই গহন গম্ভীর বেগেঁ বাহী' এবং 'অপণে রচি রচি, ভব নির্বাণা' পদদুটির বাচ্যার্থ এবং গূঢ়ার্থ ব্যাখ্যা করে কয়েকটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লেখো। ১৫

২। 'শ্রীকৃষ্ণকীর্তনে'র রাধার যেখানে শেষ, পদাবলীর রাধার সেখানে আরম্ভ। শ্রীকৃষ্ণকীর্তনের ও পদাবলীর রাধাকে যথাক্রমে বৈষ্ণব কাব্যের পূর্ব-রাধা ও উত্তর-রাধা বলা যাইতে পারে।— তোমার পঠিত পদ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও।

১৫

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'রাধা বিরহ' খন্ডটি প্রক্ষিপ্ত কিনা তোমার যুক্তির সপক্ষে প্রমাণ দিয়ে বিবৃত করো। ১৫

[Turn over]

Scanned by CamScanner

৩। বিদ্যাপতির কবি প্রতিভার পরিচয় দাও এবং তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁকে মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কবি বলার তাৎপর্য তুলে ধরো। ১৫

অথবা

'জ্ঞানদাসের পদে মন্ময় গীতিকবিতার রসাবেদন বিদ্যমান' — আধুনিক কালের সমালোচকের এই বক্তব্য যথার্থ কিনা নিজের যুক্তি দিয়ে বোঝাও। ১৫

৪। ধর্মমঙ্গল কাব্যের বয়ানে রামায়ণ, মহাভারত ও বিভিন্ন পুরাণের অনুষঙ্গ কীভাবে কাব্যকে ভিন্ন মাত্রা দান করেছে তা তোমার পঠিত পদ অবলম্বনে বুঝিয়ে দাও। ১৫

অথবা

রূপরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যে বীর নারী চরিত্র উপস্থাপনে কবি যে স্বাতন্ত্র্যের পরিচয় দিয়েছেন তা নিজের ভাষায় বর্ণনা করো। ১৫

৫। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : ৫×৪=২০

ক) সোনে ভরিলী করুণা নাবী।
রূপা থোই নহিকে ঠাবী।।

অথবা

জো যো বুধী সৌ নিবুধী।
জো যো চৌর সৌ দুষাধী।।

খ) তোক্ষে জবে যোগী হৈলা সকল তেজিঞাঁ।
থাকিব যোগিনী হঞাঁ তোহাঁক সেবিঞাঁ



Scanned by CamScanner

অথবা

যতন করিআঁ বেদ কহিলেন্ত বিধী
পাপ করিলে কোণ কাজে নাহি সিধী।।

গ) এ ছার রসনা মোর হইল কি বাম রে।
যার নাম নাহি লই লয় তার নাম রে।।

**অথবা**

উচল বলিয়া অচলে চড়িতে
পড়িনু অগাধ জলে,
লছিমী চাহিতে দারিদ্য বেঢ়ল
মাণিক হারানু হেলে।।

ঘ) এই অধ্যা সোমঘোষ শুনে নিরন্তর।
পুত্র বিনা ধন কড়ি শোভা নাই ঘর।।

**অথবা**

গোউড়ের বিঘা প্রতি এক আনা কর।
পুত্রের দ্বিগুণ প্রজা গেল দেশান্তর।।

---



Scanned by CamScanner